দৈনিক আমাদের সময়

তারিখ 20 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৭

# শিক্ষা প্রতিষ্ঠানে এমপির সভাপতি পদ ফেরত পেতে আইনি লড়াই করবে মন্ত্রণালয়

নিজস্ব প্রতিবেদক ●

উচ্চ আদালতের নির্দেশের কারণে সংসদ সদস্যরা এখন শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতির পদে থাকতে পারছেন না। এ নিয়ে জাতীয় সংসদে ক্ষোভ প্রকাশ করে পদ ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন সংসদ সদস্যরা। এর পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় সংসদ সদস্যদের পুনরায় এই পদে বসানোর জন্য আইনি ব্যবস্থা গ্রহণ করতে যাচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির বৈঠকে মন্ত্রণালয় জানিয়েছে, সংসদ সদস্যরা শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি পদে থাকতে পারবেন না বলে হাইকোর্ট যে রায় দিয়েছেন, মন্ত্রণালয় তার বিরুদ্ধে আপিল করার প্রস্তুতি নিয়েছে। গতকাল অনুষ্ঠিত কমিটির বৈঠকের কার্যবিবরণী থেকে এ তথ্য পাওয়া গেছে। বৈঠক শেষে কমিটির সদস্য হাছান মাহমুদ সাংবাদিকদের বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতির পদ ফিরে পাওয়ার দাবি সব সংসদ সদস্যদের। যে কারণে কমিটি মন্ত্রণালয়কে এ বিষয়ে আইনি ব্যবস্থা নিতে বলেছিল। সে অনুযায়ী মন্ত্রণালয় ব্যবস্থা নিচ্ছে।

সংসদীয় কমিটির বৈঠকে সদস্যরা জানতে চান, সংসদ সদস্যরা যাতে স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতির পদ গ্রহণ করতে পারেন, সে বিষয়ে মন্ত্রণালয় থেকে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জবাবে সচিব সোহরাব হোসেইন জানান, হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় পাওয়া গেছে। এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এর পর কমিটির সভাপতি আফছারুল আমিন বলেন, যেহেতু মন্ত্রণালয় হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল করার প্রক্রিয়া শুরু করেছে, তাই শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি নিয়ে হাইকোর্টের নির্দেশের বাইরে কোনো পদক্ষেপ গ্রহণের সুযোগ নেই।

বৈঠকে মন্ত্রণালয় থেকে জানানো হয়, অবসরপ্রাপ্ত বেসরকারি শিক্ষকদের জমা হওয়া অবসরভাতার আবেদন নিষ্পত্তির জন্য ২ হাজার ৫০০ কোটি টাকা দরকার। অনেক দেনদরবার করে চলতি অর্থবছরে অর্থ-মন্ত্রণালয় থেকে ৬৫০ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। এর মধ্যে ৫০০ কোটি টাকা সিড মানি হিসেবে জমা থাকবে এবং বাকি টাকা দিয়ে শিক্ষক-কর্মচারীদের অবসরভাতা বাবদ পরিশোধ করা যাবে। তবে বরাদ্দ হওয়া টাকা এখনো তহবিলে জমা হয়নি।